তাং 11 DEC 1990
পৃষ্ঠা ৩ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

62

# ‘অন্যথায় ক্যান্টনমেণ্ট অভিমুখে ছাত্র মিছিল’

(ইত্তেফাক রিপোর্ট)

সর্বদলীয় ছাত্রঐক্য গতকাল (সোমবার) অপরাজেয় বাংলার পাদদেশে এক সমাবেশে অবিলম্বে

(শেষ পৃ: ২-এর কঃ দ্রঃ)

## অন্যথায় ক্যান্টনমেন্ট

(১ম পৃঃ পর)

সাবেক প্রেসিডেন্ট এরশাদের বিচার দাবী করিয়া বলিয়াছে, অন্যথায় ছাত্র সমাজ ক্যান্টনমেন্ট অভিমুখে মিছিলের কর্মসূচী গ্রহণ করিবে। সমাবেশে এরশাদের সহযোগীদেরও বিচার দাবী করা হয়। ছাত্রনেতা গৌতম মিত্র, পংকজ নাথ, রোকনুজ্জামান রোকন, মতিউর রহমান বাবুল প্রমুখ সমাবেশে বক্তৃতা করেন।

ছাত্রদল নেতা গৌতম মিত্র বলেন, স্বৈরাচারের পতন ঘটাইয়া ছাত্র-জনতা বিজয় অর্জন করিয়াছে। এই বিজয়কে অর্থবহ করিয়া তোলার জন্য অবশ্যই গণধিকৃত এরশাদ সরকারের বিচার করিতে হইবে। সমাবেশে আগামীকাল (বুধবার) অপরাজেয় বাংলার পদদেশে অনুষ্ঠিতব্য ছাত্র মহা-সমাবেশ সফল করার আহ্বান জানান হয়। সমাবেশের আগে ও পরে ছাত্রঐক্যের মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

### ‘আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থায় খবর দিন’

গভীর রাতে সর্বদলীয় ছাত্র-ঐক্য প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, ক্ষমতাচ্যুত স্বৈরাচারী এরশাদ ও তার সহযোগীরা ছাত্র জনতার বিজয়কে নস্যাৎ করার জন্য গভীর ষড়যন্ত্রে লিপ্ত। গণধিকৃত খুনী এরশাদ চক্রের দালাল মাস্তানরা-সর্বদলীয় ছাত্রঐক্যের নামে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর অপপ্রয়াসে লিপ্ত। গাড়ী ছিনতাই, হুমকি প্রদর্শনের মধ্য দিয়া অর্থ আদায় সহ অবৈধ অস্ত্র নিয়ে ঘোরাফেরা করিতেছে, অগ্নিসংযোগ করিতেছে। সর্বদলীয় ছাত্র ঐক্যের পক্ষ হইতে দেশবাসীকে অবহিত করা হইয়াছে যে, যদি কেউ কোথাও সর্বদলীয় ছাত্র ঐক্যের নামে কোন আইন বিরুদ্ধ কাজ বা অসামাজিক কাজ করে বা জড়িত হয় তাহা দৃঢ়ভাবে প্রতিরোধসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার সাহায্যনিতে হইবে। এ ব্যাপারে কোন সমস্যা হইলে সর্বদলীয় ছাত্রঐক্যের কেন্দ্রীয় কন্ট্রোলরুম ডাকসু ভবনে যোগাযোগের জন্য আহ্বান জানানো হইয়াছে।